



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৩

১৩ আগস্ট ২০২৩

তারিখ: -----

২৯ শ্রাবণ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতে পুনঃঅর্থায়ন স্কীম প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৮ তারিখ ১৮ মে ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. সূত্রোক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-১০(ক) এর মাধ্যমে প্রি-শিপমেন্ট ক্রেডিট পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় ঋণ সুবিধা গ্রহণের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদহার সর্বোচ্চ ৩.৫% নির্ধারণ এবং অনুচ্ছেদ নং-১১ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক হতে তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক গ্রহীত পুনঃঅর্থায়ন তহবিলের বিপরীতে ০.৫% হারে সুদ প্রদান করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।
৩. এক্ষেপে, ০১ জুলাই ২০২৩ হতে কার্যকর বাজার ভিত্তিক সুদহার নীতিমালার সাথে সামঞ্জস্য বজায় রাখার লক্ষ্যে প্রি-শিপমেন্ট ক্রেডিট পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় নতুন ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে সুদহার নির্ধারণ সংক্রান্ত বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা যাচ্ছে:
 - (ক) গ্রাহক পর্যায়ে সুদহার হবে সর্বোচ্চ ৫%;
 - (খ) বাংলাদেশ ব্যাংক হতে অংশগ্রহণকারী ব্যাংকসমূহ (PFIs) কর্তৃক গ্রহীত পুনঃঅর্থায়ন সুবিধার উপর ২% হারে সুদ প্রদান করতে হবে।
৪. এ তহবিল হতে অংশগ্রহণকারী ব্যাংকসমূহ (PFIs)- কে প্রদত্ত অর্থ পরিশোধসূচী অনুযায়ী কোনো ব্যাংক পরিশোধে ব্যর্থ হলে যে সময়ের জন্য ব্যর্থ হবে উক্ত সময়ে ব্যাংক রেটে সুদ প্রদেয় হবে।
৫. এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২২ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
৬. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।
৭. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২